# রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল)

১। শিরোনামঃ

এ নীতিমালা রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল) এর **"ডরমেটরী বরাদ্দ নীতিমালা"** নামে অবহিত হবে।

২। উদ্দেশ্যঃ

আরপিসিএল এর পাওয়ার প্ল্যান্ট কম্পাউন্ডের ডরমেটরীতে অবস্থানকারী কর্মকর্তা/কর্মচারীদেরকে ডরমেটরী বরাদ্দ ও ভাড়া কর্তনের হার নির্ধারণের লক্ষ্যে অত্র নীতিমালাটি প্রণীত হ'ল।

৩। কার্যকারিতাঃ

এ নীতিমালা আরপিসিএল এর পরিচালনা পর্ষদের অনুমোদনের তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

**৪। ডরমেটরীর বরাদ্দ ও ভাড়া কর্তনঃ**

(ক) **ডরমেটরী বরাদ্দের শর্তাবলীঃ**

১. পাওয়ার প্ল্যান্ট পরিচালন ও রক্ষনাবেক্ষণ কাজে সরাসরি সম্পৃক্ত কর্মকর্তা/ কর্মচারীগণ ডরমেটরীর কক্ষ/ শয্যা (বেড) বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন;

২. দাপ্তরিক প্রয়োজনে পাওয়ার প্ল্যান্টে কর্মরত যে কোন কর্মকর্তা/কর্মচারীকে ডরমেটরীর সম্পূর্ণ কক্ষ কিংবা উক্ত কক্ষের একক শয্যা (সিঙ্গেল বেড) বরাদ্দ প্রদান করা যাবে;

৩. ০২ (দুই) শয্যা (বেড) বিশিষ্ট কক্ষ একই সময়ে ০২ (দুই) জন কর্মকর্তা/ কর্মচারীকে বরাদ্দ দেয়া যাবে, তবে বিশেষ প্রয়োজনে কোন কর্মকর্তা/ কর্মচারী উক্ত কক্ষ একক/ সম্পূর্ণ (Full) বরাদ্দ নিতে আগ্রহী হলে, সেক্ষেত্রে কক্ষ শূন্য থাকা সাপেক্ষে বরাদ্দ প্রদান বিবেচনা করা যেতে পারে;

৪. বরাদ্দপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী ব্যতীত অন্য কেউ প্ল্যান্ট ইনচার্জের পূর্বানুমতি ব্যতীত ডরমেটরীতে অবস্থান করতে পারবেন না;

৫. কোন অবস্থাতেই ডরমেটরীর কোন কক্ষে (০২ কক্ষ ০২ বেড, ড্রইং কাম ডাইনিং ও কিচেন সম্বলিত মিনি ফ্লাট ছাড়া) পরিবার-পরিজনসহ বসবাস করা যাবে না।

৬. ডরমেটরী বরাদ্দ কোম্পানী কর্তৃক বাসস্থান বরাদ্দ হিসেবে গণ্য হবে না এবং এ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী যথানিয়মে বাড়ীভাড়া ভাতা প্রাপ্য হবেন;

৭. ডরমেটরীতে সম্পূর্ণ কক্ষ কিংবা একক শয্যা (বেড) বরাদ্দের জন্য বরাদ্দপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীকে নির্ধারিত হারে ভাড়া পরিশোধ করতে হবে এবং নির্ধারিত ভাড়া মাসিক বেতনের সাথে সমন্বয় করা হবে;

৮. প্রতিটি পাওয়ার প্ল্যান্ট এর ডরমেটরীর কক্ষ/ শয্যা (বেড) বরাদ্দের জন্য একটি "ডরমেটরী বরাদ্দ কমিটি" থাকবে:

৯. ডরমেটরী বরাদ্দের জন্য কমিটি নিম্নরুপভাবে গঠিত হবেঃ

| | |
|---|---|
| ➢ সংশ্লিষ্ট প্ল্যান্ট ইনচার্জ | -আহবায়ক |
| ➢ সংশ্লিষ্ট প্ল্যান্টে নিয়োজিত জ্যেষ্ঠ নির্বাহী প্রকৌশলী/ উপ-বিভাগীয় প্রকৌশলী | -সদস্য |
| ➢ সংশ্লিষ্ট প্ল্যান্টে নিয়োজিত প্রশাসন/ অর্থ বিভাগের একজন কর্মকর্তা | -সদস্য সচিব |

১০. কমিটি ডরমেটরী বরাদ্দের জন্য প্ল্যান্টে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের চাহিদার ভিত্তিতে জ্যেষ্ঠতা, কাজের ধরণ এবং অবস্থানের প্রয়োজনীয়তা বিবেচনা করে ডরমেটরীর কক্ষ/শয্যা (বেড) অফিস আদেশ এর মাধ্যমে বরাদ্দ প্রদান করবে;

১১. বে-আইনী এবং শৃঙ্খলা বিরোধী অথবা কোম্পানীর ভাবমূর্তি বিনষ্ট হয় এ ধরণের কার্যকলাপের কারণে যে কোন সময় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে বরাদ্দ বাতিলসহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে নিয়মানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

১২. বরাদ্দ প্রদান এবং বরাদ্দ বাতিল সংক্রান্ত পত্রের অনুলিপি, কোম্পানীর এইচআর ও অর্থ বিভাগে রেকর্ড সংরক্ষণ ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করতে হবে;

১৩. ডরমেটরীতে একটি রেজিষ্ট্রার সংরক্ষণ করা হবে, যাতে বরাদ্দপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী, বরাদ্দের ধরণ ও তারিখ, বরাদ্দ বাতিলের তারিখ ইত্যাদি তথ্য উল্লেখ থাকবে। সংশ্লিষ্ট প্ল্যান্ট ইনচার্জ সময়ে সময়ে রেজিষ্ট্রারটি পরীক্ষা করবেন এবং ডরমেটরী বরাদ্দ কমিটির সদস্য-সচিব রেজিষ্ট্রার হালনাগাদ রাখবেন।

### (খ) ডরমেটরীর কক্ষ/ শয্যা (বেড) বরাদ্দের জন্য ভাড়া কর্তণের হারঃ

ডরমেটরীতে বরাদ্দপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর মাসিক বেতন হতে নিম্নরূপ হারে ভাড়া কর্তন করা হবেঃ

| ক্রঃ নং | ক্যাটাগরি | পদ মর্যাদা | কক্ষ/ বেড এর বিবরণ | ভাড়ার পরিমাণ (মাসিক) |
|---|---|---|---|---|
| ০১ | এ | নির্বাহী প্রকৌশলী অথবা সমপদ মর্যাদা হতে তদুর্ধ্ব (পে-গ্রেড-৫ হতে তদুর্ধ্ব) | ০২ কক্ষ ০২ বেড, ড্রইং কাম ডাইনিং ও কিচেন সম্বলিত মিনি ফ্লাট | মূল বেতনের ১০% অথবা ১০,০০০/- (দশ হাজার টাকা), যা কম হয় |
| | | | ০১ কক্ষ ০১ বেড সম্বলিত | মূল বেতনের ১০% অথবা ৫,০০০/- (পাঁচ হাজার টাকা), যা কম হয় |
| ০২ | বি | উপ-বিভাগীয় প্রকৌশলী অথবা সমপদ মর্যাদা হতে উপ-সহকারী প্রকৌশলী (পে-গ্রেড-৬ হতে পে-গ্রেড-১০ পর্যন্ত) | ০১ কক্ষ ০১ বেড সম্বলিত | মূল বেতনের ১০% অথবা ৪,০০০/- (চার হাজার টাকা), যা কম হয় |
| | | | ০১ কক্ষ ০২ বেড সম্বলিত | একক শয্যা (সিংগেল বেড) বরাদ্দের ক্ষেত্রে, মূল বেতনের ৫% অথবা ২,০০০/- (দুই হাজার টাকা), যা কম হয় |
| ০৩ | সি | উপ-সহকারী প্রকৌশলী অথবা সমপদ মর্যাদার নিম্ন পদসমূহ (পে-গ্রেড-১১ হতে পে-গ্রেড-২০ পর্যন্ত) | ০১ কক্ষ ০১ বেড সম্বলিত | মূল বেতনের ৫% অথবা ১,৫০০/- (এক হাজার পাঁচ শত টাকা), যা কম হয় |
| | | | ০১ কক্ষ ০২ বেড সম্বলিত | একক শয্যা (সিংগেল বেড) বরাদ্দের ক্ষেত্রে, মূল বেতনের ৫% অথবা ১,০০০/- (এক হাজার টাকা), যা কম হয় |

### (গ) ডরমেটরীর সুবিধাসমূহঃ

১. ডরমেটরীতে একক কক্ষ বা একটি কক্ষে ০২ (দুই) টি শয্যা (বেড) থাকবে;
২. ডরমেটরীতে খাট, তোষক, মশারি, লেপ/কম্বল ও বালিশ কোম্পানী হতে সরবরাহ করা হবে;
৩, ডরমেটরীতে বরাদ্দ প্রাপ্তদেরকে কোম্পানী হতে কোন চাদর, বালিশের কভার, তোয়ালে, সাবান, টিস্যু/ টয়লেট পেপার, স্যান্ডেল ইত্যাদি সরবরাহ করা হবে না;
৪. কোম্পানীর ঝাড়ুদার দ্বারা ডরমেটরী ভবন/কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্নের ব্যবস্থা করা হবে;
৫. ডরমেটরীর জন্য একজন কেয়ারটেকার ও একজন বাবুর্চি থাকবে। ডরমেটরীতে বরাদ্দ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ নিজস্ব ব্যবস্থাপনায় ও ব্যয়ে বাবুর্চির মাধ্যমে (মেস করে) রান্নার ব্যবস্থা গ্রহণ করতে পারবেন;
৬. ডরমেটরীতে বিদ্যুৎ সংযোগ ও সুবিধা থাকা সাপেক্ষে গ্যাস সংযোগ থাকবে এবং ব্যবহৃত বিদ্যুৎ/গ্যাস বিল কোম্পানী কর্তৃক পরিশোধ করা হবে;
৭. ডরমেটরীর কক্ষে বৈদ্যুতিক লাইট ও ফ্যান এর ব্যবস্থা থাকবে;
৮. ডরমেটরীতে সুপেয় খাবার পানি সরবরাহের জন্য ওয়াটার ফিল্টারের ব্যবস্থা থাকবে;
৯, বরাদ্দপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী বিদ্যমান সুবিধার বাইরে নিজ থেকে কক্ষের ভিতর অতিরিক্ত সুবিধা সৃষ্টি করতে পারবেন না।

বিশেষ দ্রষ্টব্যঃ ভবিষ্যতে নতুন পাওয়ার প্ল্যান্ট এর ডরমেটরীর কক্ষ/শয্যা (বেড) বরাদ্দের ক্ষেত্রেও উল্লিখিত নিয়মাবলী প্রযোজ্য হবে।